গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল কাদির মিয়া<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২২/০৭/২০২০ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | সৈয়দ আশরাফুল ইসলাম স্মৃতি মিলনায়তন |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হ’ল। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **ওয়েব সাইট হালনাগাদকরণ:**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, কিশোরগঞ্জ সদর উপজেলার ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তাগণ এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত শতভাগ বাস্তবায়ন করা যাবে। ইতিপূর্বে তিনি কয়েকবার ওয়েব পোর্টাল বিষয়ক বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করেন এবং হালনাগাদ সংক্রান্ত যেকোন সমস্যায় সবসময় সহযোগিতা প্রদান করেন। এছাড়াও সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। | ১। দাপ্তরিক ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), কিশোরগঞ্জ সদর<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কিশোরগঞ্জ সদর<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), কিশোরগঞ্জ সদর<br>৪। উদ্যোক্তা (সকল), কিশোরগঞ্জ সদর |

| | | | |
|---|---|---|---|
| ২.০ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত:**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা সমাজসেবা অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা কিশোরগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং উক্ত দপ্তরসমূহ লাইভে রয়েছে। বর্তমানে শুধুমাত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ব্যতীত অন্য কোন দপ্তরের ই-নথির কার্যক্রম চলমান নেই। ২০১৯-২০২০ অর্থবছরে আইসিটি অধিদপ্তর হতে কিশোরগঞ্জ সদর উপজেলার ২০জন কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গিয়েছে। তবে করোনাকালীন প্রাদুর্ভাব এবং মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক সহায়তার তালিকা প্রণয়নের জন্য জুন/২০২০ মাসে উক্ত প্রশিক্ষণটির আয়োজন সম্ভব হয়নি। আগামী আগষ্ট ২০২০ মাসে এ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | ১। ই-নথির প্রশিক্ষণ সমাপ্ত দপ্তরসমূহে সকল কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ জানানো হয়।<br>২। ই-নথির কার্যক্রমে অন্যান্য দপ্তরকে সার্বিক সহযোগিতা এবং প্রশিক্ষণটি আগস্ট ২০২০ মাসের মধ্যে সমাপ্ত করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়। | ১। সংশ্লিষ্ট বিভাগের দপ্তর প্রধান, কিশোরগঞ্জ সদর<br>২। সহকারী প্রোগ্রামার, কিশোরগঞ্জ সদর |
| ৩.০ | **BTCL কর্তৃক ইন্টারনেট এবং ভিডিও কনফারেন্স সিস্টেমের কানেকটিভিটি সংক্রান্ত:**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বর্তমানে উপজেলার সকল দপ্তরে বিটিসিএল কর্তৃক প্রদানকৃত ইন্টারনেট সংযোগ এবং ভিডিও কনফারেন্স সিস্টেমটি সচল আছে। | সকল দপ্তরে ইন্টারনেট এবং ভিডিও কনফারেন্স সিস্টেমটি যাতে সার্বক্ষণিক সচল থাকে তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কিশোরগঞ্জ সদর<br>২। সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, কিশোরগঞ্জ<br>৩। রিজিওনাল ইন-চার্জ, ফাইবার অ্যাট হোম |
| ৪.০ | **ইউনিয়ন পর্যায়ে POP ( Point of Presence) স্থাপন সংক্রান্ত:**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, কিশোরগঞ্জ সদর উপজেলায় ২০১১ সালের পাইলট হিসেবে কিশোরগঞ্জ সদর উপজেলার যশোদল ইউনিয়নে এবং ২০১৮ সালে উপজেলার বাকি ১০টি ইউনিয়নে বিটিসিএল এর ১০০০ ইউনিয়ন প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়। পরবর্তীতে ২০১৯ সালে ইনফো-সরকার ফেস-৩ প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র বৌলাই ইউনিয়ন পরিষদে ইন্টারনেট স্থাপন করা হয়। বর্তমানে শুধুমাত্র বৌলাই ইউনিয়নের ইনফো-সরকারা ফেস-৩ প্রকল্পের আওতায় ইন্টারনেট সচল রয়েছে। বিটিসিএল কর্তৃক স্থাপিত ইউনিয়ন পরিষদে ইন্টারনেট সচল করার জন্য বিটিসিএল এর ময়মনসিংহ বিভাগের বিভাগীয় প্রকৌশলীর সাথে যোগাযোগ করা হলে জানানো হয় যে, ময়মনসিংহ-ভৈরব রোড মেরামত করার সময় বিভিন্ন জায়গায় অপটিক্যাল ফাইবারের লাইন কেটে গেছে, উক্ত লাইনসমূহ মেরামতযোগ্য না হওয়ায় নতুনভাবে প্রকল্পের মাধ্যমে লাইনসমূহ পুনঃস্থাপন না হওয়া পর্যন্ত ইন্টারনেট সংযোগ পাওয়া যাবে না। | বিটিসিএল এর সাথে নিয়মিত যোগাযোগ করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কিশোরগঞ্জ |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫.০ | <u>উপজেলা/পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ</u><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>১। সকল ডিজিটাল সেন্টারে একজন পুরুষ ও একজন মহিলা উদ্যোক্তা নিয়োগের উল্লেখ থাকলেও পৌর ডিজিটাল সেন্টার, কিশোরগঞ্জ এ শুধুমাত্র একজন মহিলা উদ্যোক্তা রয়েছে; কোন পুরুষ উদ্যোক্তা নেই।<br>২। উদ্যোক্তগণ তাদের আয়ের তথ্য অনলাইন মনিটরিং টুলে নিয়মিতভাবে আপলোড করেন না। | ১। কিশোরগঞ্জ পৌরসভার মেয়র মহোদয়কে একজন পুরুষ উদ্যোক্তা নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সকল উদ্যোক্তাগণকে তাদের আয়ের তথ্য নিয়মিতভাবে অনলাইন মনিটরিং টুলে আপলোড করার জন্য অনুরোধ করা হলো। | ১। মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা<br><br>২। উদ্যোক্তা (সকল), কিশোরগঞ্জ সদর |
| ৫.০ | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, এ উপজেলায় ৭টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি মাদ্রাসা এবং ১টি প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় ল্যাবসমূহে শুধুমাত্র অনলাইন ক্লাস পরিচালনার জন্য ব্যবহৃত হচ্ছে। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কিশোরগঞ্জ সদর<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কিশোরগঞ্জ সদর |
| ৬.০ | <u>মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্ত:</u><br>এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে:<br>ক) করোনা ভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করা সম্ভব হচ্ছে না।<br>খ) সকল শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন এবং তাঁদের তৈরিকৃত আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিটরিং এবং সহকারী প্রোগ্রামারকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। শিক্ষকগণ যাতে তাঁদের তৈরিকৃত কনটেন্ট নিয়মিত শিক্ষক বাতায়নে আপলোড করেন তা নিশ্চিতকরণের জন্য অনুরোধ জনানো হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ সদর<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কিশোরগঞ্জ সদর |
| ৭.০ | **<u>বিবিধ-০১: CAMS সফটওয়্যারে মানবিক সহায়তার তালিকা প্রণয়ণ সংক্রান্ত:</u>**<br>করোনা ভাইরাসের প্রভাবে কর্মহীন মানুষদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ৫০ লক্ষ মানুষের প্রত্যেককে নগদ ২৫০০/- টাকা সহায়তা প্রদান করার CAMS সফটওয়্যারে তালিকা প্রণয়ন করা হয়। উক্ত সফটওয়্যারে কিশোরগঞ্জ সদর উপজেলায় ১০,৯৪৯ জনের তালিকা প্রণয়ন করা হয়। | মানবিক সহায়তার তালিকা প্রণয়নে মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, সহকারী প্রোগ্রামার, ট্যাগ অফিসারসহ অন্যান্য কর্মকর্তাগণ, ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব, পৌর সচিব, কাউন্সিলরসহ সকল জনপ্রতিনিধি এবং ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের ধন্যবাদ জানানো হয়। | - |
| ৮.০ | **<u>বিবিধ-০২: কিশোরগঞ্জ সদর অনলাইন প্রাইমারি স্কুল:</u>**<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনাকালীন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষা কার্যক্রম যাতে ব্যাহত না হয়, সেজন্য তারা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনায় কিশোরগঞ্জ সদর অনলাইন প্রাইমারি স্কুল চালু করেছেন। প্রতিদিন সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত দক্ষ শিক্ষকমন্ডলী দ্বারা অনলাইন ক্লাস পরিচালিত হচ্ছে, পাশাপাশি উক্ত ক্লাসসমূহ পরের দিন লোকাল টিভি চ্যানেল কেসিএন মিউজিক চ্যানেলে প্রচারিত হচ্ছে। | উপজেলা শিক্ষা পরিবারের সকল সদস্যকে অনলাইন ক্লাস পরিচালনার জন্য ধন্যবাদ জানানো হয়। পাশাপাশি অনলাইন ক্লাসের গুণগত মান নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ সদর |

| | | | |
|---|---|---|---|
| ৯.০ | **বিবিধ-০২: অনলাইন ডিজিটাল গরুর হাট**<br>সহকারী প্রোগ্রামার জানান যে, করোনা ভাইরাসের বিস্তারের রোধকল্পে ঈদ-উল-আযহার কোরবানির পশুর হাটের পরিবর্তে অনলাইন ডিজিটাল কোরবানির পশুর হাট এর একটি ওয়েবসাইট amaderkishoreganj.com তৈরি করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক তত্বাবধানে আইসিটি অধিদপ্তর কর্তৃক উদ্ভাবিত উক্ত ডিজিটাল হাটে ক্রেতা বিক্রেতাগণ তাদের কোরবানির পশুটি ক্রয়-বিক্রয় করবেন। | ডিজিটাল কোরবানির পশুর হাট তৈরি করার জন্য সহকারী প্রোগ্রামারকে ধন্যবাদ জানানো হয়। | সহকারী প্রোগ্রামার, কিশোরগঞ্জ সদর |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আব্দুল কাদির মিয়া
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৮৪৯.০০১.০৬.০০১.২০.৭

তারিখ: ৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-১
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা
৪) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ সদর
৬) মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ
৭) ......................................, ..........................................

মোঃ আশরাফুল খালেক আলমগীর
সহকারী প্রোগ্রামার